

## 219717 - কেক ও চকলেটের ওপর ‘আল্লাহ্’ লেখার হুকুম কি?

### প্রশ্ন

আমি ইনট্রাগ্রামে ব্রাউজ করাকালে গোলাপ ফুল ও চকলেট বিক্রির এমন এক দোকানের পেইজ পেলাম। তারা চকলেটের উপর ‘মাশাআল্লাহ্’ ও ‘আল-হামদু লিল্লাহ্’ ছাপিয়ে দেয়। আমি (সম্মানজনক ভাষায়) এর বিরোধিতা করলাম। যেহেতু এতে ‘আল্লাহ্’ শব্দটির অপমান হয়। কারণ এটি খেয়ে ফেলা হবে। তখন দোকানের স্বত্বাধিকারিনী আমাকে জাবাব দিল: আমি যেন নিজে থেকে ফতোয়া দেয়ার বদলে কোন ফতোয়া নিয়ে আসি। তাই আমি বিষয়টি আপনাদের কাছে পেশ করছি; যদিও আমার ধারণায় কোন বুদ্ধিমান মুসলিম এ বিষয়টি মানতে পারে না।

### প্রিয় উত্তর

আমরা এই প্রশ্নটি আমাদের শাইখ আব্দুর রহমান আল-বার্রাক (হাফিযাহুল্লাহ্)-এর কাছে পেশ করেছিলাম। তিনি বলেন: খাদ্যের উপর আল্লাহর নাম লেখা এটি এক ধরনের অপমান। যেহেতু এটি বিনোদনমূলকভাবে করা হয়। যা আল্লাহ্ তাআলার নামের যথাযথ মর্যাদার সাথে অসামঞ্জস্যপূর্ণ।

অনুরূপভাবে খাওয়ার জন্য কেকটি কাটার মাধ্যমেও অপমান হয়।

আল্লাহই সর্বজ্ঞ।